চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৮ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির ১৯ তম সভা এপ্রিল ২০১৮ খ্রি.রবিবার,কমিটির সভাপতি কাউন্সিলর এইচ এম সোহেল এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন,প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, মিসেস জোবাইরা নার্গিস খান, কাউন্সিলর সালেহ আহমদ চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, মো. জয়নাল আবদীন, মোরশেদ আকতার চৌধুরী,গোলাম মোহাম্মদ জোবায়ের, এস এম এরশাদ উল্লাহ, এম মোবারক আলী, মোহাম্মদ আজম, ইয়াছিন চৌধুরী আশু, সচিব মোহাম্মদ আবুল হোসেন, সদস্য সচিব নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মো. মাহফুজুল হক ও তত্বাবধায়ক প্রকৌশলী কামরুল ইসলাম সহ সংশ্লিস্টরা উপস্থিত ছিলেন। সভায় ওয়ার্ড ভিত্তিক সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কমিটি গঠন, কমিটির রূপরেখা প্রণয়ন,কমিটির কার্যাবলী ও অনুসরনীয় বিষয়াদি উত্থাপন, পবিত্র রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রনে রাখতে মাসব্যাপী ভ্রাম্যমান আদালত ও অভিযান পরিচালনা, প্রত্যেক দোকানে মূল্য তালিকা প্রদর্শন, ভেজাল, পঁচা-বাসী, ফরমালিনযুক্ত খাদ্য, মেয়াদোত্তীর্ণ খাদ্য, রাস্তায়-ফুটপাতে খোলা খাদ্যদ্রব্য বেচা বিক্রী বন্ধ, শিক্ষা প্রতিষ্ঠানে মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী প্রচারপত্র বিতরণ,ব্যানার,ফেষ্টুন প্রদর্শন,মাদকসেবী ও বিক্রেতাদের ছবি সম্বলিত নাম ঠিকানা প্রচারের সিদ্ধান্ত গৃহিত হয়।

চট্টগ্রাম-৮ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুচ ছালাম এর সাক্ষাত

নগরীর জলাবদ্ধতা নিরসনে মেগাপ্রকল্প বাস্তবায়নের লক্ষে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ সেনাবাহিনীর সাথে এমওইউ স্বাক্ষর করতে যাচ্ছে আগামীকাল ৯ এপ্রিল ২০১৮ খ্রি। এ লক্ষে ৮ এপ্রিল ২০১৮ খ্রি. দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুচ ছালাম সাক্ষাত করেন। সাক্ষাতে তিনি এমওইউ স্বাক্ষর অনুষ্ঠানে মেয়রকে আমন্ত্রন জানান। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা ও সচিব মোহাম্মদ আবুল হোসেন সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৮ এপ্রিল ২০১৮ খ্রি.

প্রিমিয়ার ব্যাংকের উদ্যোগে জামাল খান কুসুম কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ে সবুজায়ন ও স্কুল ব্যাংকিং কার্যক্রম উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের গ্রিন সিটির ভিশনের সাথে যুক্ত হলো প্রিমিয়ার ব্যাংক। ০৮ এপ্রিল ২০১৮ খ্রি.রবিবার, সকালে প্রিমিয়ার ব্যাংকের উদ্যোগে জামাল খান কুসুম কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ে সবুজায়ন ও স্কুল ব্যাংকিং কার্যক্রম এর শুভ সুচনা করা হয়। এ উপলক্ষে অত্র শিক্ষা প্রতিষ্ঠান ক্যাম্পাসে অভিভাবক ও শিক্ষার্থীদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক চম্পা মজুমদার। অনুষ্ঠানে প্রিমিয়ার ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুল জব্বার চৌধুরী, ২১ নং জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, ব্যাংক কর্মকর্তা শামীম মোরশেদ, সৈয়দ নুরুল কবির, অভিভাবক প্রতিনিধি কামরুন নাহার বেগম বক্তব্য রাখেন। সমাবেশে প্রত্যেক শিক্ষার্থীর মাঝে গাছের চারা বিতরণ করা হয়। সমাবেশের প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রিমিয়ার ব্যাংকের সবুজায়ন ও স্কুল ব্যাংকিং কর্মসূচিকে স্বাগত জানিয়ে বলেন, যাদের হাত ধরে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধির দিকে যাবে তারাই বর্তমান শিক্ষার্থী। বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য তাদের এখন থেকে সঞ্চয় করার মনোবৃত্তি গড়ে তুলতে হবে। প্রিমিয়ার ব্যাংক বুথ খুলে এবং মাসিক ফি ব্যাংকের মাধ্যমে লেনদেনের সুযোগ সৃষ্টি করে এবং গাছের চারা দিয়ে সবুজ নগরী গড়ার কার্যক্রমে যুক্ত হওয়ায় নগরবাসী অনেকটা স্বস্থি ভোগ করার সুযোগ পেল। মেয়র বলেন, নিরাপদ দৃষ্টিনন্দন নগরী গড়াই তার প্রত্যয়। বর্তমান শিক্ষার্থীদের দেশপ্রেম ধারন করে সুশিক্ষা অর্জণ করে নিজেদের সমৃদ্ধ করার লক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বছরে ৪৩ কোটি টাকা ভর্তূকি দিয়ে যাচ্ছে। মেয়র তাঁর এ কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।

চট্টগ্রাম- ০৮ এপ্রিল ২০১৮ খ্রি.

নগরীর ৩ নং পাঁচলাইশ ওয়ার্ডের শিতল ঝর্ণা খালের উপর নির্মিত পুরাতন লোহার ব্রীজ পরিদর্শন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম নগরীর ৩ নং পাঁচলাইশ ওয়ার্ডস’ শহীদ নগর এলাকার শিতল ঝর্ণা খালের উপর অতি প্রাচীন লোহার ব্রীজ এর বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন কররেন মেয়র আ জ ম নাছির উদ্দীন।তিনি ০৮ এপ্রিল ২০১৮ খ্রি.রবিবার, দুপুরে উল্লেখিত এলাকায় সরেজমিনে গিয়ে ব্যবহার অনুপযুগী লোহার ব্রীজ দুটি সরেজমিনে দেখে ক্ষোভ প্রকাশ করেন। মেয়র শহীদ নগর এলাকার উল্লেখিত ব্রিজ দুটি ভেঙ্গে নতুন ব্রিজ নির্মানে প্রকৌশল বিভাগকে প্রকল্প গ্রহণ করার নির্দেশনা দেন। এসময় কাউন্সিলর এম

মোবারক আলী,জহর লাল হাজারী, স্থানীয় আওয়ামীলীগ নেতা আবদুল নবী লেদু, চসিক নির্বাহী প্রকৌশলী আবু সিদ্দিক সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৮ এপ্রিল ২০১৮ খ্রি.

অক্সিজেন চত্বরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব জায়গায় ওয়াটার এইড ও কিমবার্লির অর্থায়নে নির্মিত হচ্ছে আধুনিক টয়লেট নির্মাণ কাজের উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

ভাসমান নগরবাসীর টয়লেট, গোসল ও সুপেয় পানি পানসহ নানা সুযোগ-সুবিধা নিশ্চিত করার লক্ষে নগরীর অক্সিজেন চত্বরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব জায়গায় ওয়াটার এইড ও কিমবার্লির অর্থায়নে প্রায় ৩৮ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে আধুনিক টয়লেট ০৮ এপ্রিল ২০১৮ খ্রি.রবিবার, দুপুরে মাটি কেটে আধুনিক এ টয়লেটের নির্মাণ কাজের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এসময় কাউন্সিলর এম মোবারক আলী,জহর লাল হাজারী, স্থানীয় আওয়ামীলীগ নেতা আবদুল নবী লেদু, চসিক নির্বাহী প্রকৌশলী আবু সিদ্দিক, ওয়াটার এইড এর প্রজেক্ট ম্যানেজার এ বি এম মোবাশ্বের হোসেন দিদার,ডিএসকের প্রজেক্ট ম্যনেজার খলিলুর রহমান, এডভোকেসি অফিসার আরেফাতুল জান্নাত সহ সংশ্লিস্ট কর্মকর্তা স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। টয়লেটটির নির্মাণ কাজ উদ্বোধনকালে মেয়র বলেন, জনবহুল এ এলকায় কোন গণ শৌচাগার না থাকায় অসংখ্য মানুষ টয়লেট সুবিধা থেকে বঞ্চিত ছিল। হাজার হাজার মানুষের টয়লেট সুবিধা নিশ্চিত করার লক্ষে নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা ও লকার রুম ছাড়াও ৫ টাকার বিনিময়ে টয়লেট, ১০ টাকার বিনিময়ে গোসল, ৫ টাকার বিনিময়ে লকার রুম ব্যবহার এবং ১ টাকার বিনিময়ে সুপেয় পানি পান করার সুবিধা সম্বলিত টয়লেট নির্মাণ করা হচ্ছে। মেয়র বলেন, এ টয়লেটে প্রতিবন্ধীদের হুইল চেয়ারে টয়লেট ব্যবহার এবং মহিলাদের জন্য নিরাপদ ব্যবস্থাও থাকবে। টয়লেট নির্মাণকাজ উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত সুধী সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন, তাঁর মেয়াদের মধ্যে নগরীর সর্বত্র আধুনিক টয়লেট নির্মাণ করা হবে। ভাসমান প্রায় ১৫ লক্ষ মানুষের টয়লেট, গোসল ও সুপেয় পানি পান করার সুযোগ সৃষ্টি করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তিনি বলেন, প্রতিদিন সকাল থেকে গভীর রাত পর্যন্ত নগরীতে প্রায় ১০ থেকে ১৫ লক্ষ মানুষ তাদের দৈনন্দিন কার্যক্রম সমাপ্ত করে নিজ নিজ গন্তব্যে চলে যায়। বিশাল এই জনগোষ্ঠীর সুবিধার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাবলিক টয়লেট নির্মাণ কর্মসূচি গ্রহণ করেছে।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন